

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৬৯

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচেছেদঃ ফরয সালাত শুরু করার সময় এবং তাকবীর দেওয়ার পর একজন ব্যক্তি কী দু'আ করবে তার বর্ণনা ذِكْرُ مَا يَدْعُو بِهِ الْمَرْءُ عِنْدَ افْتِتَاحِ الصَّلَاةِ الْفَرِيضَةِ وَيَقُولُ بَعْدَ التَّكْبِيرَةِ

আরবী

1769 ـ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ الْأَنْمَاطِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدِ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي مُوسَى بْنُ عُقْبَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ الْأَعْرَجِ عَنْ عبيد الله بن أبي رافع عَنْ علِيّ بْنِ أَبِي طَالِبٍ بْنِ الْفَضْلِ عَنْ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ إِذَا ابْتَدَأَ الصَّلَاةَ الْمَكْثُوبَةَ قَالَ: (وَجَّهْتُ وَجْهِيَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ إِذَا ابْتَدَأَ الصَّلَاةَ الْمَكْثُوبَةَ قَالَ: (وَجَهْتُ وَجْهِيَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ إِذَا ابْتَدَأَ الصَّلَاةَ الْمَكْثُوبِيَةَ قَالَ: (وَجَهْتُ وَجْهِيَ وَمُعْتَى اللَّهُ مَّ لِللَّذِي فَطَرَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ اللَّهُمَّ وَمَحَدْيايَ وَمَمَاتِي لِلَّهُ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا أَوْلُ الْمُسْلِمِينَ اللَّهُمَّ وَمَحْدُياكَ وَمُعَاتِي لِلَّهُ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ وَبِحَمْدِكَ أَنْتَ رَبِّي وَأَنَا عَبْدُكَ ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ لِلَا الْمُعْرِفِي الْمُولِي وَلِي اللَّهُ الْا يَصْرُفُ عَنِي سَيِّبَهَا إِلَّا أَنْتَ لَبَيْكَ وَسَعْدَيْكَ وَالْمَعْدِي وَالْمَهْدِيُ مُن هَدَيْتَ أَنَا بِكَ وَإِلَيْكَ تَبَارَكْتَ وتعاليت أستغفرك وأتوب والمَعْدِي وَالْمَهْدِيُ مُن هَدَيْتَ أَنَا بِكَ وَإِلَيْكَ تَبَارَكْتَ وتعاليت أستغفرك وأتوب

الراوي: عَلِيّ بْن أَبِي طَالِبٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1769 ا خلاصة حكم المحدث: صحيح: م دون قوله: ((سبحانك وبحمدك))، و ((المهدي من هديت)) ـ

বাংলা

১৭৬৯. আলী বিন আবী তালিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া



সাল্লাম যখন ফর্য সালাত শুরু কর্তেন, তখন বলতেন,

وَجَهْتُ وَجْهِيَ لِلَّذِي فَطَرَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا مُسْلِمًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ اللَّهُمَّ أَنْتَ الْمَلِكُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ اللَّهُمَّ أَنْتَ الْمُلِكُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ وَبِحَمْدِكَ أَنْتَ رَبِّي وَأَنَا عَبْدُكَ ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ بِذَنْبِي فَاغْفِرْ لِي ذُنُوبِي جَمِيعًا إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ وَاصْرِفْ عَنِي سَيِّهَا لَا يَصْرِفُ عَنِي سَيِّبَهَا إِلَّا أَنْتَ لَبَيْكَ وَالْمَهْدِيُ مَنْ هَدَيْتَ أَنَا بِكَ وَإِلَيْكَ تباركت وتعاليت أستغفرك وأتوب إليك

(আমি আত্নসমর্পন করে ও একনিষ্ঠভাবে আমার চেহারা ফেরালাম ঐ সত্তার উদ্দেশ্যে যিনি আসমানসমূহ ও জমিন সৃষ্টি করেছেন। আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই। নিশ্চয়ই আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন এবং আমার মরণ জগতসমূহের প্রভু আল্লাহর জন্য, তাঁর কোন শরীক নেই, এতেই আমি আদিষ্ট হয়েছি, আর আমি মুসলিমদের অন্তর্ভুক্ত।

হে আল্লাহ, আপনি অধিপতি, আপনি ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই। আপনার পবিত্রতা ঘোষনা করছি আর আপনার প্রশংসা করছি। আপনি আমার প্রভু, আর আমি আপনার গোলাম, আমি নিজের উপর যুলম করেছি, আমি আমার পাপ স্বীকার করছি, অতএব আপনি আমার সমস্ত গোনাহ ক্ষমা করে দিন। নিশ্চয়ই আপনি ছাড়া আর কেউ গোনাহ ক্ষমা করতে পারে না। আপনি আমাকে উত্তম চরিত্রের পথে পরিচালিত করুন। আপনি ছাড়া উত্তম চরিত্রের পথে কেউ পরিচালিত করতে পারে না। আপনি আমার থেকে মন্দ চরিত্র দূরে সরিয়ে রাখুন। আপনি ছাড়া আর কেউ মন্দ চরিত্র দূরে সরিয়ে রাখতে পারে না। আপনি আপনার কাছে উপস্থিত। সমস্ত কল্যাণ আপনার হাতে। হেদায়েতপ্রাপ্ত সেই ব্যক্তি যাকে আপনি হেদায়েত দান করেছেন। আপনার মাধ্যমেই আমি (শক্তিও অস্তিত্ব লাভ করি) এবং আপনার দিকেই আমার প্রত্যাবর্তন। আপনি বরকতময় ও সুমহান। আমি আপনার কাছে ক্ষমা প্রার্থনা করছি এবং আপনার কাছে তাওবা করছি।)।"[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ২/৩২; আবূ আওয়ানা: ২/১০২; দারাকুতনী: ১/২৯৭-২৯৮; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭২-৭৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৬৭; আবূ দাউদ: ৭৬১; তিরমিযী: ৩৪২৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৬৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৯৯-২০০; মুশকিলুল আসার: ১/৪৮৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৭৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন